

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
অর্থ শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৫-৭৪)

তারিখ:

০১ অগ্রহায়ন, ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসার সুপার জনাব আব্দুল আওয়াল এবং সহকারী গ্রন্থাগারিক জনাব আক্তারুন নাহার এর এমপিও সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না এ মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ১। ২৮/১০/২০২৫ খ্রি. তারিখ এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসার সুপার জনাব আব্দুল আওয়াল মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রতিনিধির জাল চিঠি তৈরি করে সহকারী গ্রন্থাগারিক পদে জনাব আক্তারুন নাহার (ইনডেক্স নং: M0063228) নিয়োগ করে সেপ্টেম্বর/২০২৫ মাসে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে নতুন এমপিওভুক্তির জন্য আবেদন করা হলে তা অনুমোদন দেয়া হয়। সূত্রোক্ত অভিযোগের পরিশ্রেক্ষিতে এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.১ (গ) এবং (ঙ) অনুযায়ী জনাব আক্তারুন নাহার (ইনডেক্স নং: M0063228), সহকারী গ্রন্থাগারিক এর বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিত করা হলো।

এমতাবস্থায় কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসার জনাব আব্দুল আওয়াল (ইনডেক্স নং-R399483) সুপার কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রতিনিধির জাল চিঠি তৈরি করায় আপনার বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না এবং জনাব আক্তারুন নাহার (ইনডেক্স নং: M0063228) সহকারী গ্রন্থাগারিক এর ইনডেক্স কেন কর্তন করা হবে না মর্মে আগামী ১৯/১১/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় ডকুমেন্টসসহ সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। সুপার, বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ২। জনাব আক্তারুন নাহার (ইনডেক্স নং: M0063228) সহকারী গ্রন্থাগারিক

  
মোঃ বুলবুল আহমেদ  
সহকারী পরিচালক (অর্থ)

ও

সদস্য সচিব

এমপিও বাছাই ও অনুমোদন কমিটি  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
ফোন: ৪১০৩০৮৯৩

অনুলিপি সদয় কার্যার্থে:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। সভাপতি, বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৫। সংরক্ষণ নথি।